দৈনিক ইনকিলাব

তারিখ ... 17 FEB 2010 ...
পৃষ্ঠা ... ১৫ ... কলাম ... ৪ ...

এসএসসি-দাখিল পরীক্ষার তৃতীয় দিন

# অনুপস্থিত ২ হাজার ৮৮২ জন : বহিষ্কার ৭২ পরীক্ষার্থী, ১ শিক্ষক

## প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ ঢাকা বোর্ড চেয়ারম্যানের প্রত্যাখ্যান

স্টাফ রিপোর্টার

সারাদেশের দশটি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি, দাখিল, এসএসসি (ভোকেশনাল) পরীক্ষার গতকাল (মঙ্গলবার) ছিল তৃতীয় দিন। দশটি শিক্ষা বোর্ডে এদিনের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার হয়েছে ৭২ জন পরীক্ষার্থী বহিষ্কৃতদের মধ্যে ১ জন শিক্ষক ও ৪১ জন পরীক্ষার্থীই

পৃঃ ১৫ কঃ ৬

## অনুপস্থিত ২ হাজার ৮৮২ জন

১৬-এর পৃষ্ঠার পর

কারিগরি বোর্ডের। আর দশ বোর্ডে অনুপস্থিত ছিল ২ হাজার ৮৮২ জন শিক্ষার্থী। এদিকে গতকাল রাজধানীর ধানমন্ডির গভ. ল্যাবরেটরি স্কুল, সিদ্ধেশ্বরী গার্লস স্কুল, সেগুনবাগিচা উচ্চ বিদ্যালয়, মতিঝিল গভ. বয়েজ ও গার্লস স্কুলের বেশ কয়েকজন পরীক্ষার্থী এবং তাদের অভিভাবকরা অভিযোগ করেছে, ইংরেজি প্রথমপত্রের প্রশ্নপত্র ফাঁস হয়েছে। অন্যদিকে বেশিরভাগ পরীক্ষার্থী বলেছে, প্রশ্নপত্র খুবই কঠিন হয়েছে। প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ ঢাকা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ফাহিমা খাতুন প্রত্যাখ্যান করেছেন। গতকাল তিনি ইনকিলাবকে বলেন, প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ সত্য নয়। যদি এ ধরনের অভিযোগ পরীক্ষার আগে পাওয়া যেত সেক্ষেত্রে আমরা তা খতিয়ে দেখতাম। তবে প্রশ্নপত্র কঠিন হয়েছে, এটা সত্য। বিশেষ করে প্যারাগ্রাফ। প্রফেসর ফাহিমা আরো বলেন, প্রশ্নপত্র কঠিন হওয়াতে অনেকে প্রশ্নপত্র ফাঁসের গুজব তুলেছে।

গতকাল আটটি সাধারণ শিক্ষা বোর্ডে বহিষ্কার হয়েছে ৩০ জন। মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত পরীক্ষায় বহিষ্কার হয়েছে ১ জন পরীক্ষার্থী। কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত পরীক্ষার তৃতীয় দিনে বহিষ্কার হয়েছে ৪১ জন পরীক্ষার্থী।

শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণ কক্ষের হিসাব অনুযায়ী, গতকাল দশটি বোর্ডে অনুপস্থিত ছিল ২ হাজার ৮৮২ জন শিক্ষার্থী। এর মধ্যে ঢাকা বোর্ডে অনুপস্থিত শিক্ষার্থীর সংখ্যা ৫৮৮ জন, রাজশাহীতে ২৭৩ জন, যশোরে ৩৩৮ জন, বরিশালে ১২৩ জন, সিলেটে ৮৩ জন, কুমিল্লায় ১৭৯ জন, চট্টগ্রামে ১৩৮ জন এবং দিনাজপুরে ১৭৬ জন। মাদ্রাসা বোর্ডের দাখিলে ৫৭৯ জন এবং এসএসসি ভোকেশনালে ৪০২ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল।

বোর্ড অনুযায়ী বহিষ্কৃত শিক্ষার্থীর মধ্যে রয়েছে ঢাকায় ১১ জন, রাজশাহীতে ৬ জন, যশোরে ৪ জন, বরিশালে ২ জন, কুমিল্লায় ৩ জন, চট্টগ্রামে ২ জন এবং দিনাজপুরে ২ জন। সিলেট বোর্ডে কোন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়নি। দাখিলে বহিষ্কৃত হয়েছে ১ জন পরীক্ষার্থী। এছাড়া কারিগরি বোর্ডের অধীনে পরীক্ষায় ৪১ জন পরীক্ষার্থী এবং ১ জন শিক্ষক বহিষ্কার হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, এ বছর আটটি সাধারণ শিক্ষা বোর্ড, একটি কারিগরি বোর্ড এবং একটি মাদ্রাসা বোর্ডের অধীনে ১ হাজার ৯৯২টি কেন্দ্রে সর্বমোট ১১ লাখ ২ হাজার ৮৬৪ জন পরীক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে। এর মধ্যে ঢাকা বোর্ড থেকে ২ লাখ ৭২ হাজার ১৮৩ জন, কুমিল্লা বোর্ড থেকে ১ লাখ ২ হাজার ৩২৩ জন, চট্টগ্রাম বোর্ড থেকে ৫৮ হাজার ৩০৯ জন, সিলেট বোর্ড থেকে ৪১ হাজার ১১৯ জন, রাজশাহী বোর্ড থেকে ১ লাখ ৩৪ হাজার ৬৮৭ জন, দিনাজপুর বোর্ড থেকে ১ লাখ ১৮ হাজার ২২৫ জন, যশোর বোর্ড থেকে ১ লাখ ২৪ হাজার ১১৬ জন, বরিশাল বোর্ড থেকে ৫৫ হাজার ৫৭৫ জন, কারিগরি বোর্ড থেকে ৭৪ হাজার ৭২০ জন এবং মাদ্রাসা বোর্ড থেকে ২ লাখ ১১ হাজার ৫২৭ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করছে।

ঢাকা বোর্ডের অধীনে গতকাল অনুষ্ঠিত ইংরেজি প্রথম পত্রের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ১১ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে। বোর্ডের অধীনে পরীক্ষায় এদিন অনুপস্থিত ছিল ৫৮৮ জন শিক্ষার্থী।